দৈনিক জনকণ্ঠ

তারিখ 03 FEB 2008
পৃষ্ঠা ৫ কলাম ৪

# অবশেষে বিকল্প বইমেলা হচ্ছে কলকাতার যুবভারতী ক্রীড়াঙ্গনে

কলকাতা হাইকোর্টের রায়ের পর ২০০৮ সালে আদৌ কোন বইমেলা হচ্ছে কি না তা নিয়ে সমস্যা আপাতত মিটেছে। আগামী ১-১০ মার্চ বিকল্প বইমেলা হচ্ছে যুবভারতী ক্রীড়াঙ্গনে। এ মেলার নাম 'বইমেলা-২০০৮'। এই মেলার সঙ্গে গিল্ডের উদ্যোগে সংঘটিত কলকাতা বইমেলার কোন সম্পর্ক নেই। রাজ্য সরকারের পরিকাঠামোগত সহযোগিতায় বিভিন্ন প্রকাশক সংস্থা মিলেই এ মেলার আয়োজন করছে। খবর আজকাল পত্রিকার।

উদ্যোগ পশ্চিমবঙ্গের ক্রীড়া ও যুব কল্যাণ দফতরের। সহযোগী হিসাবে থাকছে পাবলিশার্স এ্যান্ড বুকসেলার্স গিল্ড, বঙ্গীয় প্রকাশক ও পুস্তক বিক্রেতা সভা, পশ্চিমবঙ্গ প্রকাশক সভা এবং অল বেঙ্গল পাবলিশার্স এ্যাসোসিয়েশন। এ বিষয়ে খুব শীঘ্রই একটি স্টিয়ারিং কমিটি তৈরি হবে। কমিটির অফিস হবে নেতাজী ইনডোর স্টেডিয়ামে। সরকারী ও বেসরকারী বিভিন্ন প্রতিনিধি এই কমিটির সদস্য হবেন। সমস্ত কিছুই মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের সঙ্গে আলোচনা করে পরামর্শ নিয়ে আগামী কয়েকদিনের মধ্যে ঠিক করা হবে। গিল্ড কর্তৃপক্ষ জানিয়েছেন, এই মেলাকে তাঁরা সর্বাত্মক সহযোগিতা করবেন। তবে মেলার জন্য স্থায়ী প্রাঙ্গণের প্রধান লড়াই থেকে তাঁরা সরছেন না। সে লড়াই কলকাতা ময়দানেই বইমেলা করার। হাইকোর্টের রায় হাতে পাওয়ার পর আইনগত লড়াই সর্বোচ্চ স্তরে নিয়ে যাওয়ার জন্যও তাঁরা তৈরি হচ্ছেন। বিকল্প বইমেলার উদ্যোগ সম্পর্কে বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেন, সেটা হলে স্বাগত।

এদিকে, প্রতিবাদী প্রতীকী বইমেলা বিকালে কলকাতা ময়দানে যেমন চলছিল, তেমনই চলছে। আসছেন বইপ্রেমীরা। অনেকেই বই কিনছেন। শুক্রবার বিকালেও লিটল ম্যাগাজিনের স্টল হয়েছে মাটিতে চাদর পেতে। গত দু'দিনের মতো এদিনও দুপুর গড়াতে না গড়াতেই বইপ্রেমীরা পায়ে পায়ে পৌঁছে গিয়েছিলেন পার্ক স্ট্রিট মেট্রো স্টেশনের ঠিক